



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২০.২১.৫৫৩

তারিখ: ২১ পৌষ ১৪২৮

০৫ জানুয়ারি ২০২২

বিষয়: জামালপুর জেলার হাবিবুর রহমান কলেজের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ আইয়ুব আলী খান এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান

সূত্র: ২০১৬/১১৫৯

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের স্মারক নং মাউশি/ময়/২০১৬/১১৫৯; তারিখ-১৬/০৮/২০২১খ্রি.এর পত্র মোতাবেক জামালপুর জেলার হাবিবুর রহমান কলেজের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ আইয়ুব আলী খান এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান করার জন্য আবেদন করেন।

আবেদনের বর্ণনা: জামালপুর জেলার হাবিবুর রহমান কলেজের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ আইয়ুব আলী খান ২০/১১/২০১০খ্রি. তারিখে ডিগ্রি শাখায় নিয়োগ প্রাপ্ত হন এবং ডিগ্রির একমাত্র শিক্ষক। উচ্চ মাধ্যমিক শাখার হিসাববিজ্ঞান বিষয়ের শিক্ষক জনাব মোঃ জহুরুল ইসলাম (ইনডেক্স-৮৩১৬৫১) ৬০ বছর পূর্তিতে গত ১৩/০১/২০২১খ্রি. তারিখ অবসর গ্রহণ করায় প্রভাষকের পদটি শূন্য হয়। তিনি উচ্চ মাধ্যমিকের শূন্য পদে সমন্বয় হতে ইচ্ছুক। কলেজ গভর্নিং বডি জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ৯.৩ ধারা মোতাবেক ০১/০৬/২০২১খ্রি. তারিখের সভায় ২নং সিদ্ধান্ত মোতাবেক তাকে উচ্চ মাধ্যমিক হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষকের শূন্য পদে সমন্বয় করা হয়।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ৯(৩) ধারা অনুযায়ী 'উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয় নিয়োগপ্রাপ্ত শিক্ষককে প্যাটার্নভুক্ত শূন্যপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করার জন্য বলা আছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮/২১০৮; তারিখ ১২/১২/২০২১খ্রি. মোতাবেক পত্রে স্পষ্টীকরণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা কামনা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে মর্মে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৯-১-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, হাবিবুর রহমান কলেজ, জামালপুর।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২০.২১.৫৫৩/১(৩)

তারিখ: ২১ পৌষ ১৪২৮

০৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ২) সভাপতি, গভর্নিং বডি, হাবিবুর রহমান কলেজ, জামালপুর।
- ৩) জনাব মোঃ আইয়ুব আলী খান , প্রভাষক (হিসাববিজ্ঞান), হাবিবুর রহমান কলেজ, জামালপুর।



৯-১-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক